

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-৩ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০০০.০২.০১৪.১৮. ১৫

তারিখ: ৭ মাঘ ১৪২৫

২০ জানুয়ারি ২০১৯

বিষয়: সাময়িক স্থগিতকৃত বেতন ভাতা ছাড়করণ সংক্রান্তে মতামত প্রদান।

সূত্র: জনাব মো: আব্দুল আলীম (প্রধান শিক্ষক), জামালপুর উচ্চ বিদ্যালয়, পলাশবাড়ি, গাইবান্ধা এর আবেদন পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে গাইবান্ধা জেলার পলাশবাড়ি উপজেলাধীন, জামালপুর উচ্চ বিদ্যালয়ের, প্রধান শিক্ষক, জনাব মো: আব্দুল আলীম কর্তৃক বেতন ভাতা ছাড়করণ সংক্রান্তে দাখিলকৃত আবেদনখানা এতদসঙ্গে প্রেরণ করা হলো। তিনি আবেদনে জানান যে উক্ত বিদ্যালয়ের সহকারী শিক্ষক জনাব মো: জাহাঙ্গীর আলম এর নাম ২০১৪ সালের মে মাসে এম.পি.ও. ভুক্ত করা হয় এবং পরবর্তীতে ২০১৪ সালের জুলাই মাসে তার এম.পি.ও. বন্ধ করা হয়। তিনি বর্ণিত শিক্ষক এর স্থগিতকৃত বেতন ভাতা ছাড় করার জন্য অনুরোধ জানিয়েছেন।

২.০ এমতাবস্থায়, গাইবান্ধা জেলার পলাশবাড়ি উপজেলাধীন, জামালপুর উচ্চ বিদ্যালয়ের, সহকারী শিক্ষক মো: জাহাঙ্গীর আলম এর নাম এম.পি.ও. তে অন্তর্ভুক্তি এবং পরবর্তীতে তিন মাস পর তার এম.পি.ও. বন্ধ করার বিষয়টি যাচাই পূর্বক সুস্পষ্ট মতামতসহ প্রতিবেদন প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।



২০-১-২০১৯

মোঃ কামরুল হাসান

উপসচিব

মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর,
শিক্ষা ভবন, ঢাকা।


স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০০০.০২.০১৪.১৮. ১৫/১(৩)

তারিখ: ৭ মাঘ ১৪২৫

২০ জানুয়ারি ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, ঢাকা।
- ২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, ঢাকা।
- ৩) জনাব মো: জাহাঙ্গীর আলম (সহকারী শিক্ষক), জামালপুর উচ্চ বিদ্যালয়, পলাশবাড়ি, গাইবান্ধা।



২০-১-২০১৯

মোঃ কামরুল হাসান

উপসচিব